

CHHATNA CHANDIDAS MAHAVIDYALAYA

(AFFILIATED TO BANKURA UNIVERSITY)

P.O. – CHHATNA DIST.- BANKURA (W.B.) PIN- 722132

www.ccmahavidyalaya.webnode.com; e-mail: ccmvoffice@gmail.com; Ph No: 9475585518

Office: 03242-201125; 7001138398; 9007933805; 9614380901; 9933611788;

www.ccmv.in

No:

Date:

ছাতনাচন্দ্রীদাস মহাবিদ্যালয়ে অনলাইন ভর্তিরনিয়মাবলিঃ ২০২০-২১

- * উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় ২০১৮, ২০১৯ ও ২০২০ সালে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের অনলাইনে ফর্মফিল-আপ করার সুযোগ থাকবে। ২০১৮ সালের পূর্বে উচ্চ-মাধ্যমিক পাশ করা ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারবে না। সরকারি নির্দেশ অনুযায়ী যতদিন না ক্লাস শুরু হচ্ছে, ততদিন পর্যন্ত কোন ছাত্র-ছাত্রী বা অভিভাবক ভর্তির জন্য মহাবিদ্যালয়ে আসবেন না। কোভিড-১৯এর কারণে মহাবিদ্যালয় বন্ধ থাকার নির্দেশ থাকলে ছাত্র-ছাত্রীদের অনলাইন ক্লাস করা বাধ্যতামূলক সে ক্ষেত্রে তার প্রদত্ত হোয়াটসঅ্যাপ নম্বর টি এবং ইমেইল এড্রেস মহাবিদ্যালয় ব্যবহার করবে। কোন কারণে ছাত্র-ছাত্রী অনলাইন ক্লাস করতে না পারলেও তাকে অনলাইন মাধ্যমে পরীক্ষা দিতে হতে পারে সে ক্ষেত্রে তার কোনো অভিযোগ গ্রাহ্য হবে না। ভর্তি সংক্রান্ত কোন সমস্যা থাকলে নিম্নলিখিত হেল্পলাইনে যোগাযোগ করা যাবে। হেল্পলাইন নং : ৯৪৭৫৫৮৫৫১৮, ৯৬১৪৩৮০৯০১, ৯৯৩৩৬১১৭৮৮, ৯০০৭৯৩৩৮০৫, ৭০০১১৩৮৩৯৮, ৭৭৯৭৭১৫২৫১। সকাল 10:00(A.M.)থেকে বিকেল 3:00 (P.M) পর্যন্ত হেল্পলাইন এ ফোন করা যাবে। পেমেন্ট সংক্রান্ত কোন ভুল হলে 9475585518 এই ফোন নম্বরে হোয়াটসঅ্যাপে নথি প্রদান করতে হবে এবং উত্তরের অপেক্ষা করতে হবে।
- * ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য ও তার সংশোধিত রূপ ছাতনাচন্দ্রীদাস মহাবিদ্যালয়ের ওয়েব-সাইট www.ccmahavidyalaya.in, www.ccmv.in অথবা www.ccmahavidyalaya.webnode.com তে পাওয়া যাবে। তবে অনলাইনে ভর্তি পত্রিকাটি সম্পন্ন হবে www.ccmahavidyalaya.in এই ওয়েব সাইটে।
- * বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের নির্দেশ অনুযায়ী উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় ৪৫ শতাংশ নম্বর থাকলে অনার্সে আবেদন করা যাবে।
- * ছাতনাচন্দ্রীদাস মহাবিদ্যালয়ের ওয়েব-সাইট www.ccmahavidyalaya.in এ আগামি ১০/০৮/২০২০ থেকে ২৮/০৮/২০২০ বিকাল ৪ টা পর্যন্ত ভর্তি সংক্রান্ত পোর্টাল চালু থাকবে। এই সময়ের মধ্যে অনার্স ও পোগ্রাম কোর্সে ভর্তির জন্য রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন না করলে বা সঠিকভাবে ফি জমা না করলে মেধা তালিকায় নাম আসবে না। (১০/০৮/২০২০ তারিখের পূর্বে ওয়েবসাইট টেস্টিং এর সময় কেউ রেজিস্ট্রেশন ফর্মটি ফিলাপ করলে তা বাতিল বলে গণ্য হবে)।
- * অনার্স ও পোগ্রাম কোর্সে ভর্তির আসন পূর্ণ না হলে দ্বিতীয়বার রেজিস্ট্রেশন প্রক্রিয়া চালু করা হবে এবং তার জন্য মহাবিদ্যালয়ের ওয়েব সাইট দেখতে হবে।
- * অনার্স ও পোগ্রাম কোর্সে ভর্তির রেজিস্ট্রেশন ফি ১০০ টাকা। অনার্স কোর্সে ১০০ টাকা রেজিস্ট্রেশন ফি প্রদান করলে পোগ্রামের জন্য আর দিতে হবে না। কিন্তু অনার্স এবং পোগ্রামের বিষয়গুলি রেজিস্ট্রেশন এর সময় অবশ্যই পছন্দ করতে হবে। ছাত্র-ছাত্রী যে বিষয়গুলি পছন্দ করবে সেগুলিতেই তার নাম মেধাতালিকায় দেখা যাবে।
- * অনলাইনে ফর্মটি পূর্ণ করে ঐ দিনই রেজিস্ট্রেশন ফি বাবদ ১০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং-এর মাধ্যমে নির্দিষ্ট লিংকে Pay U Moneyর মাধ্যমে জমা করে মেধা তালিকার জন্য অপেক্ষা করতে হবে। অনলাইনে ফর্মটি পূরণ করা হলে টাকা প্রদানের লিংকটি ওখানেই পাওয়া যাবে। টাকা প্রদান প্রক্রিয়াটি সফল হলে ছাত্র ছাত্রীর কাছে একটি এসএমএস(SMS) যাবে যেটি ভবিষ্যতের জন্য সংরক্ষণ করে রাখা বাধ্যতামূলক।
- * প্রথম মেধা তালিকা প্রকাশিত হবে ২৯/০৮/২০২০ বিকাল ৪ টায়। মেধা তালিকায় কনফার্মে থাকা ছাত্র-ছাত্রীদের নির্দিষ্ট সময়ের মধ্যে বিষয় নির্বাচন করে অনলাইনে ভর্তির ফি জমা করতে হবে। ভর্তির জন্য নির্দিষ্ট সময় পেরিয়ে গেলে আর ভর্তি হওয়া যাবে না।
- * দ্বিতীয় মেধা তালিকা প্রকাশিত হবে ০৪/০৯/২০২০ বিকাল ৪ টায়। প্রথম ও দ্বিতীয় মেধা তালিকা প্রকাশিত হওয়ার পর প্রতি তিন দিন অন্তর একটি করে মেধা তালিকা প্রকাশিত হবে।
- * অনার্স কোর্সে ভর্তির ফি ১৬৫০ টাকা এবং পোগ্রাম কোর্সে ভর্তির ফি ২৩০০ টাকা। বিশ্ববিদ্যালয় নির্ধারিত রেজিস্ট্রেশন ফি, এনরোলমেন্ট ফি, স্পোর্টস ফি বা প্রসেসিং ফি এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়নি। বিশ্ববিদ্যালয়ে নাম নথিভুক্ত করার সময় রেজিস্ট্রেশন বা অন্যান্য ক্ষেত্রে যে ফি বিশ্ববিদ্যালয় ধার্য করবে তা পৃথকভাবে নেওয়া হবে, যা ছাত্রছাত্রীকে অনলাইনে প্রদান করতে হবে।
- * ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীরা দুই বার অনার্সের বিষয় এবং দুই বার পোগ্রামের বিষয় পরিবর্তনের সুযোগ পাবে। কোন ছাত্র বা ছাত্রী সুযোগ পেয়েও যদি ভর্তি না হয় বা অনলাইন পেমেন্ট না করে, তাহলে সে ঐ বিষয়ে আর সুযোগ পাবে না। পোগ্রামে ভর্তি হয়ে থাকা কোন ছাত্র বা ছাত্রী পরে অনার্সে সুযোগ পেলে শুধুমাত্র অতিরিক্ত ফি দিয়ে ভর্তি হতে পারবে।
- * অনার্স বা পোগ্রাম কোর্সে ভর্তির ফি ফেরৎ যোগ্য নয়।
- * প্রতিটি বিষয়ের (অনার্স ও পোগ্রাম) নির্দিষ্ট সিট www.ccmahavidyalaya.webnode.com – এই ওয়েব সাইটে পাওয়া যাবে।
- * ফর্মফিল-আপের সময় প্রতিটি ছাত্র-ছাত্রীদের নিজস্ব ইমেইল আই.ডি, ফোন নং, ওয়াটসঅ্যাপনং অবশ্যই দিতে হবে। কারণ পরবর্তী তিন বছর এগুলির মাধ্যমেই যাবতীয় বিজ্ঞপ্তি পৌঁছাবে।
- * ছাত্রীদের অতি অবশ্যই কন্যাশ্রী আই. ডি দিতে হবে।
- * ক্লাস শুরু হওয়ার সময় মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক পরীক্ষার যাবতীয় অরিজিনাল প্রমাণপত্র ও অন্যান্য (Admit card and Marksheets of MP and HS, Caste Certificate, Income certificate <48000, Voter and Adhar Card) এবং রেজিস্ট্রেশন ও ভর্তি ফি- এর অনলাইন পেমেন্ট চালান প্রভৃতি ভেরিফিকেশন হবে। সেই সময় প্রতিটি প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত (Self Attested) জেরক্স, দুই কপি পাশপোর্ট মাপের ফটো এবং অনলাইন ফর্মের প্রিন্ট-আউট মহাবিদ্যালয়ে জমা দিতে হবে। এক্ষেত্রে কোন রকম ত্রুটি প্রমাণিত হলে ভর্তি বাতিল হয়ে যাবে।